# চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং- ০১৮২৪৪৭৭৬৯৩


শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

## (প্রেস বিজ্ঞপ্তি)

১৩ সেপ্টেম্বর'২০২৩খ্রি.

### চসিকের স্বাস্থ্যসেবা কার্যক্রম দেখতে আসল রাসিক প্রতিনিধি দল

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের স্বাস্থ্য বিভাগের কার্যক্রম পরিদর্শন করেছে রাজশাহী সিটি কর্পোরেশনের (রাসিক) প্রতিনিধি দল । বুধবার রাসিকের প্রধান নির্বাহী কর্মকর্তা ড. এ.বি.এম. শরীফ উদ্দিনের নেতৃত্বে একটি প্রতিনিধি দল চসিক পরিচালিত স্বাস্থ্য বিভাগের প্রতিষ্ঠান পরিদর্শনের পর টাইগারপাসস্থ চসিক কার্যালয়ে মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরীর সাথে সৌজন্য সাক্ষাৎ করেন।

এসময় প্রতিনিধিদলটি চসিকের স্বাস্থ্যসেবা কার্যক্রমের প্রশংসা করেন এবং পরিদর্শনের অভিজ্ঞতা রাজশাহীতে কাজে লাগানো হবে বলে জানান।

এসময় মেয়র রেজাউল করিম প্রতিনিধিদলকে বলেন, চট্টগ্রামের মানুষের স্বাস্থ্যসেবা নিশ্চিতে চসিক একটি স্বতন্ত্র স্বাস্থ্য বিভাগের মাধ্যমে জনগণকে সেবা দিচ্ছে। ডেঙ্গুর প্রাদুর্ভাব থেকে শুরু করে করোনা মহামারী থেকে জনগণকে চসিক যে ব্যাপক জনমুখী কার্যক্রম পরিচালনা করছে তা চসিককে সুপরিচিতি এনে দিয়েছে। পাশাপাশি চসিক চট্টগ্রামের শিক্ষাখাতেও নেতৃত্ব দিচ্ছে। মেয়র চসিকের অভিজ্ঞতাকে কাজে লাগিয়ে অন্য সিটি কর্পোরেশনগুলোও স্বাস্থ্য ও শিক্ষাখাতে ভূমিকা রাখতে পারে বলে মন্তব্য করেন। সভায় চসিকের প্রধান নির্বাহী কর্মকর্তা শেখ মুহম্মদ তৌহিদুল ইসলাম ও প্যানেল মেয়র আফরোজা কালামসহ চসিকের কাউন্সিলরবৃন্দ ও বিভাগীয় সভাপতিবৃন্দ উপস্থিত ছিলেন।

### মুখে খাওয়া কলেরা টিকা কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে এ্যাডভোকেসী সভা অনুষ্ঠিত

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের আওতাধীন বন্দর ইপিআই জোনের দক্ষিণ মধ্যম হালিশহর ওয়ার্ড ও দক্ষিণ হালিশহর ওয়ার্ডে ১৭ থেকে ২১ সেপ্টেম্বর ২০২৩ইং মুখে খাওয়া কলেরা টিকা (ঙঈঠ) কার্যক্রম পরিচালিত হবে। এ কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার লক্ষে কেন্দ্রীয় পর্যায়ে আয়োজিত এক "সমন্বয় সভা" আজ বুধবার সকালে চসিক জেনারেল হাসপাতাল মিলনায়তনে অনুষ্ঠিত হয়।

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান স্বাস্থ্য কর্মকর্তা ডাঃ সেলিম আকতার চৌধুরী সভাপতিত্বে জোনাল মেডিকেল অফিসার ডাঃ হাসান মুরাদ চৌধুরীর সঞ্চালনায় অনুষ্ঠানে রির্সোস পার্সন হিসেবে উপস্থিত ছিলেন প্যানেল মেয়র আফরোজা কালাম, চসিক স্বাস্থ্য স্ট্যান্ডিং কমিটির সভাপতি ও কাউন্সিলর জহর লাল হাজারী, কাউন্সিলর আব্দুস সালাম মাসুম, বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য) ডাঃ মোঃ মহিউদ্দিন, সিভিল সার্জন চট্টগ্রামের প্রতিনিধি ডাঃ নুরুল হায়দার, স্বাস্থ্য কর্মকর্তা ডাঃ মোঃ ইমাম হোসেন রানা, আইসিসিডিডিআর এর প্রতিনিধি ডাঃ আশরাফুল ইসলাম খান, ডাঃ মোঃ তৌফিকুল ইসলাম, ডাঃ মোঃ তাজুল ইসলাম, ডাঃ নাবিদ আনজুম তানভীর, ডাঃ ইসতিয়াকুল ইসলাম খান, জোনাল মেডিকেল অফিসার ডাঃ জুয়েল মহাজন, বিশ্ব স্বাস্থ্য সংস্থার সার্ভিল্যান্স এন্ড ইম্যুনাইজেশন মেডিকেল অফিসার ডাঃ মোঃ সরওয়ার আলম, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক থানা শিক্ষা কর্মকর্তা শফিউল আলম, প্রাথমিক শিক্ষা কর্মকর্তা লায়লা বিলকিস, বাংলাদেশ রেড ক্রিসেন্ট সিটি ইউনিট এর সাধারন সম্পাদক আব্দুল জব্বার প্রমুখ।

ডাঃ সেলিম আকতার চৌধুরী বলেন, সম্প্রতি চট্টগ্রামের বিভিন্ন স্থানে কলেরা সহ ডায়রিয়া রোগের সংক্রমন বৃদ্ধি পেয়েছে। ডায়রিয়া ও কলেরা রোগে আক্রান্ত রোগীদের মৃত্যুর হার প্রতিরোধে মুখে খাওয়া কলেরা টিকার ভূমিকা খুবই গুরত্বপূর্ণ। তিনি এই টিকা কর্মসূচী সফলভাবে বাস্তবায়নের লক্ষে স্বাস্থ্য বিভাগের সকল ডাক্তার, কর্মকর্তা-কর্মচারীদের নিষ্ঠার সাথে দায়িত্ব পালনের আহ্বান জানান।

## চসিকের বিভন্ন মাতৃসদন হাসপাতাল ও দাতব্য চিকিৎসালয় পরিদর্শন করেন রাজশাহী সিটি কর্পোরেশনের পরিদর্শক টিম

ইউএসআইডি'র সহযোগিতায় চট্টগ্রাম সিটি কর্পোরেশন পরিচালিত স্বাস্থ্য বিভাগের বিভিন্ন মাতৃসদন হাসপাতাল ও দাতব্য চিকিৎসালয় পরিদর্শন করেন রাজশাহী সিটি কর্পোরেশনের একটি পরিদর্শক টিম। আজ বুধবার সকালে পরিদর্শক টিমের সদস্যগণ স্বাস্থ্য বিভাগে আগমন করলে তাঁদের স্বাগত জানান চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান স্বাস্থ্য কর্মকর্তা ডা. সেলিম আকতার চৌধুরী। পরিদর্শন টিমে ছিলেন রাজশাহী সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কমকর্তা ড. এ.বি.এম শরীফ উদ্দিন, প্যানের মেয়র মোঃ শরীফুল ইসলাম বাবু, প্রধান স্বাস্থ্য কর্মকর্তা ডাঃ এফএএম আঞ্জুমান আরা বেগম, আবাসিক মেডিকের অফিসার ডাঃ মোঃ তারিকুল ইসলাম, গবেষনা কর্মকর্তা মোঃ মাহবুবুর রহমান।
চসিক জেনারেল হাসপাতাল মিলনায়তনে ডাঃ সেলিম আকতার চৌধুরী সভাপতিত্বে জোনাল মেডিকেল অফিসার ডাঃ তপন কুমার চক্রবর্ত্তীর সঞ্চালনায় পরিদর্শন টিমের সাথে এক অভিজ্ঞতা বিনিময় সভা অনুষ্ঠিত হয়। এতে উপস্থিত ছিলেন চসিক স্বাস্থ্য স্ট্যান্ডিং কমিটির সভাপতি কাউন্সিলর জহর লাল হাজারী, কাউন্সিলর আব্দুস সালাম মাসুম, স্বাস্থ্য কর্মকর্তা ডাঃ মোঃ ইমাম হোসেন রানা, মেডিকেল অফিসার ইনচার্জ ডাঃ মোঃ রাশেদুল ইসলাম ও ডাঃ ইফফাত জাহান রাখী, জোনাল মেডিকেল অফিসার ডাঃ মোঃ রফিকুল ইসলাম, ডাঃ সুমন তালুকদার, ডাঃ আকিল মাহমুদ নাফে, ডাঃ জুয়েল মহাজন ও মেডিকেল অফিসার ডাঃ শাহনাজ আকতার, পাওয়ার প্রেজেন্টেশনের মাধ্যমে স্বাস্থ্য বিভাগের বিভিন্ন কার্যক্রম সর্ম্পকে উপস্থাপন করেন, জোনাল মেডিকেল অফিসার ডাঃ হাসান মুরাদ চৌধুরী ।
ডাঃ সেলিম আকতার চৌধুরী রাজশাহী সিটি কর্পোরেশন থেকে আগত প্রতিনিধি দলের সদস্যদের শুভেচ্ছা জানিয়ে বলেন, চট্টগ্রাম সিটি কর্পোরেশনের স্বাস্থ্য সেবা যে অগ্রগতি হয়েছে তা সারাদেশব্যাপী প্রশংসিত। স্বাস্থ্য বিভাগের কার্যক্রম সর্ম্পকে প্রতিনিধি দলকে অবহিত করেন এবং ভবিষ্যৎ কর্মপন্থা উপস্থাপন করেন। তিনি বলেন, বাজেট ঘাটতির কারনে অনেক সময় ইচ্ছা থাকা সত্বেও অনেক কাজ করা সম্ভব হয়না। এজন্য সকল সিটি কর্পোরেশনকে স্বাস্থ্য খাতে পৃথক ভাবে বরাদ্দ দেওয়ার জন্য আগত প্রতিনিধির মাধ্যমে সরকারের প্রতি আহ্বান জানান।
পরিদর্শন টিমের সদস্যগণ চসিকের স্বাস্থ্য বিভাগের কার্যক্রম সর্ম্পকে অবহিত হয়ে সিটি মেয়র এম রেজাউল করিম চৌধুরী সহ সিটি কর্পরোশনের চট্টগ্রাম সিটি কর্পোরেশনের স্বাস্থ্য সেবাকে মডেল হিসেবে রাজশাহী সিটি কর্পোরেশনে বাস্তবায়ন করবে বলে আশাবাদ ব্যক্ত করেন। পরে প্রতিনিধি দল চসিক মেমন মাতৃসদন হাসপাতাল, চসিক দেওয়ান বাজার দাতব্য চিকিৎসালয় ও চসিক চকবাজার নাজমাঈ ডেমিরেল পরিদর্শন করে গভীর সন্তোষ প্রকাশ করেন।

স্বাক্ষরিত/-
**(আজিজ আহমদ)**
জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার
চট্টগ্রাম সিটি কর্পোরেশন।
মোবাইল-০১৮১৯-৯৩০ ৪৮৮